

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৪৯/২০১৮

তারিখঃ ২৯/০৭/২০১৮খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

বাংলাদেশ পরমানু শক্তি কমিশন এর সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্যে আহ্বানকৃত দরপত্রে অংশগ্রহণ হতে বিরত থাকা প্রসঙ্গে।

এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্টগণের সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, বাংলাদেশ পরমানু শক্তি কমিশন এর সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহ্বানকৃত দরপত্র বিজ্ঞপ্তি নং- ৩৯.০১.০০০০.২২৫.০৭.২৪.১৮, তারিখ ১৬/০৭/২০১৮খ্রিঃ এ কতিপয় অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত আরোপ করা হয়েছে। এ ধরনের শর্তের কারণে যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রাতিষ্ঠানিক ক্ষমতা থাকা সত্ত্বেও অধিকাংশ উপযুক্ত সি এন্ড এফ এজেন্ট উক্ত টেন্ডারে অংশগ্রহণের সুযোগ পাচ্ছেনা। অবস্থাদৃষ্টে প্রতীয়মান হয় যে, কোন বিশেষ প্রতিষ্ঠান বা সিভিকেকে সুবিধা প্রদানের জন্যে এরূপ অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও প্রতিবন্ধকতামূলক শর্ত আরোপ করা হয়েছে। দরপত্রে আরোপিত অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত সমূহ বাতিল করার অনুরোধ জানিয়ে এসোসিয়েশন হতে বিগত ২৪/০৭/২০১৮ এবং ২৫/০৭/২০১৮খ্রিঃ তারিখ বাংলাদেশ পরমানু শক্তি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে পত্র প্রেরণ করা হয়েছে।

এ অবস্থায় বাংলাদেশ পরমানু শক্তি কমিশন এর দরপত্রে আরোপিত অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত সমূহ বাতিল না করা পর্যন্ত উল্লিখিত দরপত্রে অংশগ্রহণ হতে বিরত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড

ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন